

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৪১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ভ্রমণকারী ব্যক্তি যার কাছে ভ্রমণ করে যাবেন, তার বাড়িতে তার অনুমতি ছাড়া ইমামতি করার ব্যাপারে হুশিয়ারী

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يَؤُمَّ الزَّائِرُ الْمَزُورَ فِي بَيْتِهِ إِلَّا بِإِذْنِهِ

## আরবী

2141 \_ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ وَابْنُ كَثِيرٍ وَالْحَوْضِيُّ قَالُوا: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ رَجَاءٍ عَنْ أَوْسِ بْنِ ضمعجٍ عَنْ أَبِي مَسْعُودٍ لَلْبَدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَوُّمُّ الْقَوْمُ اقْرَوْهُم لِكِتَابِ اللَّهِ فَإِنْ كَانُوا فِي الْهِجْرَةِ سَوَاءً فَلْيَوُّمَّهُمْ أَقْدَمُهُمْ هِجْرَةً فَإِنْ كَانُوا فِي الْهِجْرَةِ سَوَاءً فَلْيَوُّمَّهُمْ أَكْبَرُهُمْ كَانُوا فِي الْهِجْرَةِ سَوَاءً فَلْيَوُّمَّهُمْ أَكْبَرُهُمْ لَيَاتُ مِنْ اللَّهِ وَلَا يَقْعُدْ عَلَى تَكْرِمَتهُ إِلَّا بِإِذْنِهِ) سِنَّا وَلَا يَوْعُدُ عَلَى تَكْرِمَتهُ إِلَّا بِإِذْنِهِ) قَالَ شُعْبَةُ: فَقُلْتُ لِإِسْمَاعِيلَ بْنِ رِجاءٍ: مَا تَكْرِمَتُهُ؟ قَالَ: فِرَاشُهُ وَلَمْ يَذْكُرْهُ الْحَوْضِيُّ: فَقُلْتُ لِإِسْمَاعِيلَ.

الراوي: أَبُو مَسْعُودِ الْأَنْصَارِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2141 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((الصحيحة)) (4/ 127).

## বাংলা

২১৪১. আবূ মাসউদ আনসারী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "সম্প্রদায়ের ইমাম হবেন ঐ ব্যক্তি যিনি আল্লাহর কিতাব অধিক পড়তে জানেন। যদি তারা কুরআন পাঠে সমান হন, তবে যিনি সুন্নাহ সম্পর্কে বেশি অবগত। যদি তারা সুন্নাহর ক্ষেত্রে সমান হন, তবে যিনি আগে হিজরত করেছেন। যদি হিজরত করার ক্ষেত্রেও সমান হন, তবে যিনি বয়সে বড়। আর কোন ব্যক্তি অপর ব্যক্তির বাড়িতে বা তার তাবূতে ইমামতি করবে না, তার সম্মানজনক জায়গায় বসবে না, তার অনুমতি ছাড়া।"[1]



ইমাম শু'বাহ রহিমাহল্লাহ বলেন, " আমি ইসমাঈল বিন রাজা রহিমাহল্লাহকে জিজ্ঞেস করলাম, "তার সম্মানজনক জায়গা দ্বারা উদ্দেশ্য কী?" জবাবে তিনি বলেন, "তার বিছানা।" হাওয়ী এটি উল্লেখ করেননি ফলে আমি ইসমাঈল বিন রাজা রহিমাহল্লাহকে জিজ্ঞেস করি।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৭২; সহীহ মুসলিম: ৬৭৩; তিরমিযী: ২৩৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫০৭; তাবারানী আল কাবীর: ১৭/৬০৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৮০৮; হুমাইদী: ৪৫৭; আবূ দাউদ: ৫৮৪; নাসাঈ: ২/৭৬; ইবনুল জারূদ, আল মুনতাকা: ৩০৮; দারাকুতনী: ১/২৮০; আবূ আওয়ানা: ২/৩৫; সুনান বাইহাকী: ৩/৯০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮৩২; হাকিম: ১/২৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন